

৪০

দৈনিক জনকণ্ঠ

তারিখ ..14.NOV.1996 ..

পৃষ্ঠা: ৫৯ কলাম: ১

**'৯৭-এর এসএসসিতে
প্রাইভেট পরীক্ষা দেয়া
যাবে না ৥ সংশ্লিষ্টরা হতাশ**

স্টাফ রিপোর্টার, খুলনা অফিস ১৯৯৭ সালে অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে কেউ অংশগ্রহণ করতে পারবে না। বোর্ড কর্তৃক অক্টোবর মাসে এ সিদ্ধান্তের কথা জানানো হয়েছে। ঠিক সেই মুহূর্তে এটা জানানো হলো যখন প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্রছাত্রীরা টেস্ট দেয়ার জন্য প্রস্তুতি নিয়ে বসে আছে। এ সিদ্ধান্তের ফলে সংশ্লিষ্ট অসংখ্য ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকদের মধ্যে গভীর হতাশা বিরাজ করছে।

দীর্ঘকাল ধরে দেশের বিভিন্ন শিক্ষা বোর্ডের অধীনে নিয়মিত অনিয়মিত (ক্যাম্পাস) ও প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে ছাত্রছাত্রীরা পরীক্ষায় অংশগ্রহণ করে আসছে। কিন্তু ১৯৯৭ সালে অনুষ্ঠেয় পরীক্ষায় প্রাইভেট হিসাবে কোন পরীক্ষার্থী থাকবে না বলে বোর্ড কর্তৃপক্ষ অক্টোবর মাসে স্কুলসহ সংশ্লিষ্টদের জানিয়ে দিয়েছেন।

প্রাইভেট পরীক্ষা বন্ধের সিদ্ধান্তে অভিভাবক ও ছাত্রছাত্রীদের অনেকেই চরম হতাশ হয়ে পড়েছেন। ক্ষোভও প্রকাশ করেছেন কেউ কেউ। তাঁদের প্রশ্ন হচ্ছে, এ ধরনের সিদ্ধান্ত টেস্ট পরীক্ষার প্রাক্কালে নেয়া হলো কেন? এক বা দু' বছর আগেই এর ঘোষণা দেয়া যেত। যারা পরীক্ষার জন্য প্রস্তুতি নিয়েছে তারা এখন কি করবে?